

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
জনসংযোগ বিভাগ
রাজশাহী।

নং ২৪.০৬.০০০০.০০৯.১৭.০০৩.১১-২০১

তারিখ: ১৬-১২-১৭

প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের মহান বিজয় দিবস উদযাপন

রাজশাহী/১৬-১২-১৭

দেশের অন্যান্য প্রতিষ্ঠানের ন্যায় বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডও বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে মহান বিজয় দিবস'২০১৭ উদযাপন করে। সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলনের মাধ্যমে দিনের কর্মসূচি শুরু হয়। এই মহান দিবস পালন উপলক্ষে বোর্ড প্রধান কার্যালয় বর্ণিল আলোক সজ্জায় সজ্জিত করা হয়।

রেশম উন্নয়ন বোর্ডের মহাপরিচালক আনিস-উল-হক ভূইয়া এর নেতৃত্বে সকাল ৭.৩০ ঘটিকায় এক বর্ণাঢ্য শোভাযাত্রা বের করা হয়। শোভাযাত্রা শেষে ভূবন মোহন পার্ক শহীদ মিনারে রেশম উন্নয়ন বোর্ডের কর্মকর্তা ও কর্মচারীদের পক্ষ থেকে জাতির শ্রেষ্ঠ সন্তানদের স্মরণ করে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

অন্যান্যদের মধ্যে বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের সদস্য(অর্থ: ও পরিকল্পনা) মোহা: কামাল উদ্দীন, বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইন্সটিটিউট এর পরিচালক মো: জামাল উদ্দীন শাহু, সদস্য(উৎপাদন ও বাজারজাতকরণ) মো: সেরাজুল ইসলাম, সদস্য(সম্প্রসারণ ও প্রেষনা) এম.এ মান্নান, সচিব মো: জায়েদুল ইসলাম, সিবিএ সভাপতি মো: আবু সেলিমসহ বোর্ডের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

ছবিসহ ইমেইল করা হলো।

স্বাক্ষরিতঃ-১৬/১২/১৭

(সুমন ঠাকুর)

জনসংযোগ কর্মকর্তা

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড

রাজশাহী।

মোবা: ০১৭৩১-৫০৮৪৭৭

ইমেইল: suar30.4@gmail.com